

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)  
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২১৬.৪৫.০০১.২০.৩৮

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৭  
২৩ নভেম্বর ২০২০

বিষয়: পিডিএস (পার্সোনাল ডাটা শিট)-এ সাম্প্রতিক ছবি, ই-মেইল আইডি, মোবাইল নম্বর সন্নিবেশসহ তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত।

সূত্র: ০৫.০০.০০০০.১৮৪.৯৯.০০১.২০-৩৬৭, তারিখ: ০৮/১১/২০২০

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিসিএস প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত সরকারের উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের নিয়োগ, পদায়ন, পদোন্নতি, পেনশনসহ বিভিন্ন ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস পর্যালোচনার প্রয়োজন হয়। তথ্য হালনাগাদ ও সাম্প্রতিক ছবি, ই-মেইল আইডি, মোবাইল নম্বর পিডিএস-এ সন্নিবেশিত না থাকার ফলে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সমস্যা/ব্যাহত হয়। এর ফলে কোন কোন কর্মকর্তা প্রাপ্য সুবিধা হতে বঞ্চিত হওয়ার সম্ভাবনা থেকে যায়। তাই পিডিএস হালনাগাদ রাখা প্রত্যেক কর্মকর্তার জন্যই জরুরি। ইতোপূর্বে বিভিন্ন সময়ে অফিস প্রধানের মাধ্যমে পিডিএস হালনাগাদকরণের জন্য পিএসিসি হতে অনুরোধ জানানো হলেও কিছু কিছু ক্ষেত্রে এখনও পিডিএস-এর তথ্যাবলী সম্পূর্ণ হালনাগাদ পাওয়া যাচ্ছে না।

এমতাবস্থায়, বিসিএস প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তাসহ অন্যান্য ক্যাডার হতে আগত সরকারের উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে নিয়মিতভাবে তাদের পিডিএস যাচাই করা এবং ই-মেইল আইডি, মোবাইল নম্বর ও সাম্প্রতিক ছবি পিডিএস-এ সন্নিবেশসহ তথ্য হালনাগাদের প্রয়োজন হলে তা জরুরী ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পিএসিসি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। [pmis@mopa.gov.bd](mailto:pmis@mopa.gov.bd) ই-মেইলেও মেইল করা যাবে।

২৩-১১-২০২০

মুহাম্মদ হাফিজুর রহমান  
সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট

ফোন: ৯৫৪০৪৮৫

ইমেইল: [ssa@mopa.gov.bd](mailto:ssa@mopa.gov.bd)

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল) (অধীনস্থ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২) বিভাগীয় কমিশনার (সকল) (অধীনস্থ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩) জেলা প্রশাসক (সকল) (অধীনস্থ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২১৬.৪৫.০০১.২০.৩৮/১(৬)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৭  
২৩ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ২) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ৩) অতিরিক্ত সচিব, শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ৪) যুগ্মসচিব, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) কম্পিউটার অপারেশন সুপারভাইজর, কম্পিউটার অপারেশন সুপারভাইজর এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৩-১১-২০২০

মুহাম্মদ হাফিজুর রহমান  
সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট